

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৪. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর ওফাত সম্পর্কে

باب في وفاة النبي صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، أَنبَأَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ عِكْرِمَةَ، قَالَ قَالَ الْعَبَّاسُ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ فِينَا؟ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليْهِ وَسَلَّمَ فِينَا؟ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، إِنِّي أَرَاهُمْ قَدْ آذَوْكَ وَآذَاكَ غُبَارُهُمْ، فَلَوِ اتَّخَذْتَ عَرِيشًا تُكلِّمُهُمْ مِنْهُ؟ فَقَالَ: لَا اللَّهُ بَازِعُ وَلَى اللَّهُ مَنْهُ؟ فَقَالَ: لَا أَزَالُ بَيْنَ أَطْهُرِهِمْ يَطَوُونَ عقِبِي، وَيُنَازِعُونِي رِدَائِي حَتَّى يَكُونَ اللَّهُ هُوَ الَّذِي يُرِيحُنِي مِنْهُمْ قَالَ: مَنْهُمْ قَالَ: فَعَلِمْتُ أَنَّ بَقَاءَهُ فِينَا قَلِيلٌ

إسناده ضعيف لانقطاعه عكرمة لم يدرك العباس

বাংলা

৭৬. আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই আমি জানতে পেরেছিলাম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের মাঝে কতদিন থাকবেন। তাই তিনি বললেন, হে আল্লাহর রাসূল, আমি দেখছি, তারা (লোকেরা) আপনাকে অনেক কন্তু দিচ্ছে, আর তাদের ধূলিবালির কারণেও আপনার কন্তু হচ্ছে। (কতই না ভাল হত) যদি আপনি একটি মাচা (বানিয়ে) নিতেন, যার উপর থেকে আপনি তাদের সাথে কথা বলতে পারতেন। তখন তিনি বললেন: 'আমি তাদের থেকে ক্ষান্ত হব না , তারাও আমার (পায়ের গোড়ালি মাড়াতে থাকবে) পেছনে লেগে থাকবে, আমার চাদর ধরে টানাটানি করবে- আর এ অবস্থায় আল্লাহই আমাকে তাদের থেকে মুক্তি দিবেন।'

তিনি (আব্বাস রাদ্যাল্লাহু আনহু) বলেন, ফলে আমি জানতে পারলাম যে, তিনি আর আমাদের মাঝে সামান্য ক'টা দিনই অবস্থান করবেন।[1]

ফুটনোট



[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ, কেননা এতে বিচ্ছিন্নতা রয়েছে। ইকরামা আব্বাসের সাক্ষাত পাননি। তবে ইবনু আব্বাস হতে বাযযার (কাশফুল আস্তার নং ২৪৬৭) এর সনদটি সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা, আল মুছানাফ ১৩/২৫৬-২৫৭ নং ১৬২৭৩; আব্দুর রাযযাক, আল মুছানাফ ৫/৪৩৪; বাযযার, আল মুসনাদ (কাশফুল আসতার অনুযায়ী) ৩/১৫৬ নং ২৪৬৬ ও ২৪৬৭; হাহছামী, মাজমাউয যাওয়াইদ ৯/২১ ও মুসানাফে আব্দুর রাযযাক ৫/৪৩৪ দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন